



উন্মুক্ত সীমান্তে ইউরোপে বাড়ছে সন্ত্রাসবাদ: ডোনাল্ড ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন ইউরোপকে সন্ত্রাসবাদের জন্য ঝুঁকিপূর্ণ অঞ্চল হিসেবে উল্লেখ করেছে। বুধবার প্রকাশিত নতুন সন্ত্রাসবিরোধী কৌশলপত্রে বলা হয়েছে, ব্যাপক অভিবাসন ও উন্মুক্ত সীমান্ত নীতির কারণে ইউরোপে নিরাপত্তা হুমকি বাড়ছে।

কৌশলপত্রে সহিংস বামপন্থি গোষ্ঠী, নৈরাজ্যবাদী সংগঠন এবং চরম ট্রান্সজেন্ডারপন্থি গোষ্ঠীগুলোকেও হুমকি হিসেবে চিহ্নিত করা হয়েছে। একই সঙ্গে মাদকচক্র দমনে আরও কঠোর পদক্ষেপ নেওয়ার কথাও উল্লেখ করা হয়।

নথিতে দাবি করা হয়েছে, উন্মুক্ত সীমান্তের সুযোগ নিয়ে বিভিন্ন সংগঠিত গোষ্ঠী সক্রিয় হয়ে উঠছে। ইউরোপের বর্তমান নীতি অব্যাহত থাকলে ভবিষ্যতে সন্ত্রাসবাদের ঝুঁকি আরও বাড়তে পারে বলেও সতর্ক করা হয়েছে।

এই কৌশলপত্র তৈরিতে নেতৃত্ব দেন যুক্তরাষ্ট্রের সন্ত্রাসবিরোধী সমন্বয়ক সেবাস্টিয়ান গোরকা। এর আগেও ট্রাম্প প্রশাসন অভিবাসন ইস্যুতে ইউরোপের সমালোচনা করেছিল। সম্প্রতি ইরানবিরোধী অবস্থান নিয়েও ইউরোপীয় মিত্রদের তীব্র সমালোচনা করেন ট্রাম্প।

নতুন কৌশলপত্রে সহিংস বামপন্থি ও নৈরাজ্যবাদী গোষ্ঠীগুলোকে বিশেষ নজরদারিতে রাখার কথা বলা হয়েছে। ট্রাম্প প্রশাসনের দাবি, এসব গোষ্ঠীর কিছু অংশ আমেরিকাবিরোধী কর্মকাণ্ডে জড়িত।

ক্ষমতায় ফেরার পর থেকেই ট্রাম্প ট্রান্সজেন্ডার ইস্যুতে কঠোর অবস্থান নিয়েছেন। তিনি বারবার বলেছেন, মানুষের লিঙ্গ দুটি—পুরুষ ও নারী।